

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৮৩৯(আগরতলা ১১।০২)  
আগরতলা, ১১ ফেব্রুয়ারি, ২০২৪

### পোলস্টার ক্লাবের রক্তদান শিবির

**রক্তদান শিবির জনসাধারণকে রক্তদানে অনুপ্রাণিত করে : মুখ্যমন্ত্রী**

বর্তমান সময়ে রাজ্যের ক্লাবগুলি বিভিন্ন সামাজিক কর্মসূচির আয়োজন করছে। ক্লাবগুলি রক্তদানেরও আয়োজন করছে। বিগতদিনে ক্লাবগুলিতে এই পরিবেশ লক্ষ্য করা যেতনা। এখন ক্লাবগুলিতে সুস্থ সংস্কৃতির পরিবেশ পরিলক্ষিত হচ্ছে। আজ আগরতলা পোলস্টার ক্লাবের স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এ ধরনের রক্তদান শিবির জনসাধারণকে রক্তদানে অনুপ্রাণিত করে। মুখ্যমন্ত্রী আরও বলেন, সামাজিক কাজে এবং সমাজের সমস্যা সমাধানে ক্লাবগুলির উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তাতে ক্লাবগুলির প্রতি জনগণের আস্থা আরও বাড়বে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় ও রাজ্য সরকার জনগণের কল্যাণে কাজ করছে। রাজ্যে এখন আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে রাজ্যের নাগরিকদেরও সহযোগিতা থাকতে হবে। তিনি বলেন, রাজ্যের মানুষ খুবই সংবেদনশীল। কোন সমস্যা দেখা দিলে রাজ্যের মানুষ সবসময় এগিয়ে আসেন। যা কোভিডের সময় প্রতিফলিত হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পোলস্টার ক্লাবের এই সামাজিক কর্মসূচির জন্য অভিনন্দন জানান। পাশাপাশি রক্তদাতাদের শুভেচ্ছাও জানান। অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সভাপতি গৌতম সরকার। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সমাজসেবী সুবল ভৌমিক, কর্পোরেটর ভাস্বতি দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*